তারিখ ..27 MAR 2016...
পৃষ্ঠা ...৩... কলাম ...৪...

দৈনিক
ইত্তেফাক

# সরিষাবাড়ীর ৩১ বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য

■ সরিষাবাড়ী (জামালপুর) সংবাদদাতা

সরিষাবাড়ীতে ৩১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এছাড়াও ১৮টি সহকারী শিক্ষকের পদও শূন্য রয়েছে। এসব বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকায় প্রশাসনিক কাজকর্ম ব্যাহত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয় ও সংশ্লিষ্ট বিদ্যালয়গুলো শিক্ষক সূত্রে জানা গেছে, উপজেলার ৮টি ইউনিয়ন ও ১টি পৌর সভায় ১৩৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৩১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে।

তরনী আটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহ-সভাপতি আব্দুল মান্নান জানান, বিগত ৭ বছর ধরে ওই স্কুলে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে বিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্মসহ শিক্ষার্থীদের পাঠদান ব্যাহত হচ্ছে। বিদ্যালয়টির ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল হামিদ জানান, ২০১০ সালে প্রধান শিক্ষক অবসরে যাওয়ার পর থেকে বিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্মসহ দায়িত্ব পালন করা কঠিন হয়ে পড়েছে। সহকারী শিক্ষিকা কামরুন্নাহার জানান, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিদ্যালয়ের কাজে উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয়ে গেলে তাকে ৫টি ক্লাস একা সামাল দিতে হয়। জামালপুর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল আলিম বলেন, দীর্ঘদিন ধরে জেলায় ২২৩টি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। সরিষাবাড়ী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ ফেরদৌস জানান, প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় ওই সকল বিদ্যালয়ের কাজকর্ম ব্যাহত হচ্ছে। প্রতিটি মাসে গণশিক্ষা অধিদপ্তরকে শূন্য পদের তালিকা দেয়া হলেও কোনো প্রকার কাজ হচ্ছে না।